Board of Intermediate and Secondary Education
Barisal.
www.barisalboard.gov.bd

SSC SCHOLARSHIP - 2013

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

‘‘বিজ্ঞপ্তি’’

নম্বরঃ মাধ্য/বৃত্তি/২৩ তারিখ ঃ ১২/০২/২০১৪

বিষয় ঃ ২০১৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ‘‘বোর্ড ভিত্তিক মেধাবৃত্তি এবং জেলা ভিত্তিক সাধারণ বৃত্তি’’ প্রদানের নিমিত্তে চূড়ান্ত তালিকা প্রকাশ।

গণপ্রজাতন্ত্রী বাংলা-দশ সরকা-রর মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলা-দশ, ঢাকা এর ০৮/১২/২০১৩ তারি-খর স্মারক নং ওএম/০৬-মেধাবৃত্তি /২০১২/৩৭২২/১০ নম্বর স্মারক অনুযায়ী বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বো-র্ডর ২০১৩ সা-লর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নে বর্ণিত ছাত্র/ছাত্রীদের বোর্ড ভিত্তিক মেধাবৃত্তি এবং জেলা ভিত্তিক সাধারণ বৃত্তি প্রদান করা হইল । সরকারী নিয়ম ও নীতিমালা অনুযায়ী এই বৃত্তির তালিকা প্রণয়ন করা হয়েছে । উক্ত বৃত্তিগুলি প্রদানের সময় নিম্নলিখিত নিয়ম ও নীতিমালা অবশ্যই মেনে চলতে হবে ।

১। বৃত্তির গেজেটে বৃত্তি প্রাপ্ত ছাত্রছাত্রী যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশগ্রহণ করেছে/উত্তীর্ন হয়েছে, সে প্রতিষ্ঠা-নর নাম গে-জ-ট উ-ল্লখ করা হয়েছে। অধ্যক্ষ বা প্রধান শিক্ষকের সার্টিফিকেট প্রদান সাপেক্ষে ভর্তিকৃত প্রতিষ্ঠান থেকে বিধি মোতাবেক বৃত্তির অর্থ উত্তোলন করবে ।

২। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে ।

৩। বৃত্তিগুলি সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের সৎ স্বভাব এবং লেখাপড়ায় সন্তোষজনক অগ্রগতির শর্ত সাপেক্ষে বিবেচিত হবে।

৪। সকল বৃত্তিধারীই এককালীন অনুদান (গ্রান্ড) ভোগ ভোগ করতে পারবে ।

৫। সকল বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী অবশ্যই বিনা বেতনে পড়িবার সু-যাগ লাভ করবে।

৬। এই বৃত্তিগুলির মেয়াদ ২০১৩ সালের জুলাই মাস হইতে ২০১৫ সালের জুন মাস পর্যন্ত ২ (দুই) বৎসর । কেবল মাত্র নিয়মিত ছাত্র/ছাত্রীই বৃত্তি পাবার যোগ্য। কোন অনিয়মিত ছাত্র/ছাত্রীদের বৃত্তির অর্থ যাতে উত্তোলিত না হয় সে বিষয়ে হিসাব রক্ষণ কর্মকর্তাগণসহ সংশ্লিষ্ট সকল-ক শতর্ক থাকার জন্য অনু-রাধ করা হ’ল।

৭। পরিশিষ্ট ‘ক’ তে বোর্ড ভিত্তিক মেধাবৃত্তি এবং জেলা ভিত্তিক সাধারণ বৃত্তির মাসিক হার, এককালীন অনুদান এবং বৃত্তির সময়সীমা উ-ল্লখ করা হয়েছে ।

৮। কোন ছাত্র/ছাত্রী পরীক্ষার ফলাফল অনুসারে বৃত্তি পাইয়া যদি পরবর্তীকালে সরকার অনুমোদিত নির্দিষ্ট বৃত্তি ব্যতিরেকে অন্য কোন কারিগরি বা পেশাগত প্রতিষ্ঠান হতে অন্য কোন বৃত্তি লাভ করে তবে সে দু’টি বৃত্তিই ভোগ করতে পারবে।

৯। সকল প্রকার বৃত্তিতে মেয়েদের জন্য ৫০% সংরক্ষণ করা হয়েছে।

১০। বৃত্তি সংক্রান্ত অন্য শর্তাবলী সরকারের অনুমোদন ক্রমে মহা-পরিচালক কর্তৃক আ-রাপিত হ-ত পা-র।

১১। বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীকে অবশ্যই কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।

১২। কোন বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী ছাড়পত্র লইয়া অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হলে শেষোক্ত প্রতিষ্ঠানের প্রধান উক্ত ছাড়পত্রের অনুলিপি এবং বৃত্তির টাকা উঠানো ও প্রদান সম্পর্কিত পূর্ণ বিবরণসহ, কোন তারিখ হতে কোন তারিখ পর্যন্ত বৃত্তির টাকা উঠাইয়া বিতরণ করা হয়েছে বা আদৌ উঠানো হয় নাই তাহার তথ্য বর্তমান ভর্তিকৃত প্রতিষ্ঠানে দাখিল করলে বৃত্তিটি স্থানান্তরের ব্যাপারে সংশ্লিষ্ট অধ্যক্ষ কার্যকর ব্যবস্থা গ্রহণ কর-বন।

১৩। এই বৃত্তিগুলির সংখ্যা, হার এবং সময়সীমা, সময়কাল শর্ত সাপেক্ষ । সরকার মনে করলে কোন কারণ না দর্শাইয়া এইগুলি সং-শাধন, সং-যাজন অথবা বাতিল কর-ত পার-ব।

১৪। মেধা ও সাধারণ বৃত্তির ব্যয় বাজেটের **৩-২৫৩১-০০০০-৫৯৬৩** বৃত্তি/স্কলারশীপ খাত হতে নির্বাহ করা হবে।

১৫। বৃত্তি তালিকায় সন্নিবেসিত ছাত্র/ছাত্রীদের ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ নিয়মিত ভাবে জেলা হিসাব রক্ষণ অফিসার/উপ-জলা হিসাব রক্ষণ অফিস হতে বৃত্তির টাকা উঠাইয়া বৃত্তিধারীদের মধ্যে বিতরণ করবেন। সময়মত বৃত্তির টাকা না উঠাইবার ফলে, বৃত্তি তামাদি হলে অথবা বৃত্তির মেয়াদ শেষ হয়ে গেলে তজ্জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ দায়ী থাকবেন। কারণ তামাদি বৃত্তি

পুনঃবৈধ কর-ত সরকার অনিচ্ছুক। এই প্রসং-গ মহা -পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর সাথে যোগা-যাগ কর-ত হ-ব।

১৬। কোন ছাত্র/ছত্রীর বৃত্তির মেয়াদ অতিক্রান্ত হওয়ার ছয় মাসের মধ্যে যদি সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী বৃত্তির অর্থ গ্রহণ বা দাবী না করে তবে ঐ অর্থ অবশ্যই সরকারি কোষাগা-র জমা দিয়া, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, প্রকল্প পরিচালক-ক জানা-বন এবং ট্রেজারী চালা-নর একটি ফ-টাকপি পাঠিয়ে দিবেন। বৃত্তির অব্যয়িত অর্থ কোন ভাবেই ছয় মাসের অধিক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সংরক্ষণ করিবেন না এবং এই অব্যয়িত অর্থের হিসাব সরাসরি অত্র বৃত্তি প্রকল্পের প্রকল্প পরিচালক বরাবরে প্রতি বছর ছয় মাস অন্তর পেশ করবেন।

১৭। সং-যাজিত বৃত্তি তালিকায় ছাত্র/ছাত্রীদের নামের পার্শ্বে পূর্বে যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় উত্তীর্ন হয়েছে সেই শিক্ষা প্রতিষ্ঠা-নর নাম উ-ল্লখ করা হ-ল।

১৮। এই বিজ্ঞপ্তিতে অনিচ্ছাকৃত কোন ভুলত্রূটি পরিলক্ষিত হলে তাহা সংশোধন,সংযোজন বা পরিবর্তণ অথবা বাতিল করবার পূর্ণ ক্ষমতা বোর্ড কর্তৃপ-ক্ষর থাক-ব । সে কারণে বৃত্তির টাকা প্রদানের পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের নিকট হতে এই মর্মে লিখিত প্রতিশ্রুতি গ্রহণ করবেন যে, তারা বোর্ডের বৃত্তি সংক্রান্ত নিয়ম ও নীতিমালা মেনে চলবে এবং প্রয়োজন হলে বৃত্তির সম্পূর্ণ টাকা ফেরৎ দি-ত বাধ্য থাক-ব ।

১৯। ন্যুনতম **৩.৫০** পর্যন্ত জি, পি, এ, প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের মধ্যে হতে বৃত্তি প্রদান করা হয়েছে (সকল বৃত্তি ৪র্থ বিষয়ের জি, পি, এ বাদ দি-য় প্রনয়ন করা হ-য়-ছ)

২০। কোটা অনুসারে মেধাবৃত্তি বা সাধারণ বৃত্তি বন্টনের সময় একই জি,পি,এ প্রাপ্ত একাধিক ছাত্র/ছাত্রী হলে বাংলা-ইং-রজী এবং গনি-তর নম্বর মোতা-বক তালিকা প্রণয়ন করা হয়েছে। আবার যদি তিনটি বিষয়ে একই নম্বর প্রাপ্ত একাধিক ছাত্র/ছাত্রী হয় তবে সেই ক্ষেত্রে পরবর্তী বাধ্যতা মূলক ০৩টি বিষয়ের উপর ভিত্তি করে তালিকা প্রণয়ন করা হয়েছে। এরপ-রও জটিলতা দেখা দি-ল সেক্ষেত্রে যে ছাত্র/ছাত্রী বয়োজ্যেষ্ঠ তাকে তালিকা ভূক্ত করা হয়েছে। এফি-ডভি-টর মাধ্য-ম জন্ম তারিখ পরিবর্তিত হ-ল সেই তারিখ গ্রহণ যোগ্য হ-ব না।

২১। কোন বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার পরে ভর্তি বাতিল করিয়া যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হবে সে শিক্ষা প্রতিষ্ঠান নিয়ম অনুসারে বৃত্তির টাকা উত্তোলন করবে। তবে প্রথম বৎসর বৃত্তির টাকা উত্তোলন করে থাক-ল মোট মেয়া-দর এক বৎসর বাদ দি-ত হ-ব।

২২। এই তালিকায় কোন ত্রুটি পরিলক্ষিত হলে বৃত্তির চুড়ান্ত তালিকা (বিজ্ঞপ্তি) প্রকাশের ১ (এক) মাসের মধ্যে অত্র বোর্ডকে লিখিত ভা-ব প্র-য়াজনীয় তথ্যসহ জানাই-ত হ-ব।

২৩। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির পর বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের তালিকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান অবশ্যই তাহাদের তালিকা, প্রকল্প পরিচালক/জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ কর-বন।

২৪। কোন বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী এক প্রতিষ্ঠান হতে ছাড়পত্র গ্রহণ করে অন্য প্রতিষ্ঠা-ন ভর্তি হ-ল সে তথ্য প্রকল্প পরিচালক/জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ কর-বন।

২৫। কোন বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী কোর্স বদল করে পুনরায় প্রথম ব-র্ষ ভর্তি হ-ল মাউশি, বিশেষ বিবেচনায় তাকে বৃত্তি ভোগের অনুমতি দিতে পার-বন। যদি এইরুপ কোর্স পরিবর্ত-ণর ফ-ল তার এক শিক্ষা ব-র্ষর অধিক নষ্ট না হয়।

২৬। যদি কোন ছাত্র/ছাত্রীর বেলায় এইরূপ দেখা যায় যে, স্বাভাবিক কোর্স সম্পন্ন করতে, তার এক্তিয়ার বহির্ভুত কোন কারণে স্বাভাবিক সময় অ-পক্ষা এক বৎসর অতিরিক্ত সময় লেগেছে ত-ব তা-ক প্রকল্প পরিচাল-কর পূর্ব অনুমতি সা-প-ক্ষ বি-শষ কেইস হিসা-ব বিবেচনা করিয়া বৃত্তি প্রদান করা যেতে পারে, তবে এই ক্ষেত্রে শর্ত থাকে যে, উল্লেখিত বিশেষ কেইসের ক্ষেত্রে কোন মতেই এক বৎসরের বেশি সময় অতিক্রম করা যাবে না।

“পরিশিষ্ট” - ‘ক’

মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তির মাসিক হার, এককালীন অনুদান এবং বৃত্তির সময় ।

বৃত্তির স্তর	মাসিক হার	এককালীন অনুদান প্রতি বৎসর	মেয়াদ/সময়সীমা
মেধাবৃত্তি	৪০০/-	৬০০/-	২(দুই) বৎসর
সাধারণ বৃত্তি	২২৫/-	৩০০/-	২(দুই) বৎসর

“পরিশিষ্ট” ‘খ’

বোর্ড ভিত্তিক মেধাবৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের সর্বনিম্ন G. P. A ‘ছক’

বিজ্ঞান শাখা		মানবিক শাখা		ব্যবসায় শিক্ষা শাখা	
ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী
৫.০০	৫.০০	৪.৮১	৪.৮৮	৫.০০	৫.০০

জেলা ভিত্তিক সাধারণ বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের সর্বনিম্ন G.P.A ‘ছক’

ক্রমিক নং	জেলার নাম	জেলা ভিত্তিক সাধারণ বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের G.P.A					
		বিজ্ঞান শাখা		মানবিক শাখা		ব্যবসায় শিক্ষা শাখা	
		ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	পটুয়াখালী	৫.০০	৫.০০	৪.১৩	৪.৩৮	৪.৬৯	৪.৬৯
২	বরগুনা	৫.০০	৪.৮৮	৪.১৯	৪.৫৬	৪.৭৫	৪.৮৮
৩	বরিশাল দক্ষিন	৫.০০	৫.০০	৪.৩৮	৪.৬৩	৪.৮৮	৫.০০
৪	বরিশাল উত্তর	৫.০০	৪.৭৫	৪.২৫	৪.৫০	৪.৮৮	৪.৭৫
৫	পিরোজপুর	৫.০০	৫.০০	৪.১৩	৪.৫০	৪.৮৮	৪.৮৮
৬	ভোলা	৫.০০	৪.৮৮	৩.৯৪	৪.৫০	৪.৭৫	৪.৫০
৭	ঝালকাঠী	৪.৮৮	৪.৮১	৪.৮১	৪.৬৩	৪.৭৫	৪.৮১

স্বাক্ষরিত
(মোঃ আবদুল মোতা-লব হাওলাদার-৭০১৮)
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
ফোনঃ ০৪৩১-৬৪৪১৭

স্মারক নং - বশিবো/প্রশা/বৃত্তি/১২/২০১৩/৪৪৮(৩০০) তারিখ ঃ ১২/২/২০১৪ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১. মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. মহাপরিচালক, বার্তা বিভাগ, বাংলাদেশ জনসংযোগ দপ্তর, ঢাকা
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৫. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল-া/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর
৬. বাংলাদেশের সকল ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস
৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল
৮. অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
৯. বাংলাদেশের সকল জেলা হিসাবরক্ষণ অফিসার/উপজেলা হিসাবরক্ষণ অফিসার
১০. বাংলাদেশের সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
১১. বরিশাল শিক্ষা বোর্ডের সকল অফিসারবৃন্দ
১২. জন সংযোগ বিভাগের পরিচালক (বার্তা ভিবাগ), বাংলাদেশ জনসংযোগ দপ্তর, ঢাকা (বৃত্তির তালিকা দৈনিক পত্রিকার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৩. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা

বৃত্তি তালিকাটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করে উক্ত গেজেটের দুটি কপি প্রমাণ ও সূত্র সংরক্ষণের জন্য শিক্ষা বোর্ডে পাঠাতে অনুরোধ করা হল।

১২।০২।২০১৪

(মোঃ আবদুল মোতা-লব হাওলাদার-৭০১৮)
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
ফোনঃ ০৪৩১-৬৪৪১৭